বিসমিল্লাহির রাহমানির রাহিম

# বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল
BANGLADESH JATIOTABADI SHECCHASHEBOK DAL
কেন্দ্রীয় কমিটি

তারিখ: ১৮ আগস্ট ২০২৫

## প্রেসবিজ্ঞপ্তি

## বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কর্মসূচী ঘোষণা

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ঢাকা সহ দেশব্যাপী নিম্নে বর্ণিত কর্মসূচী সমূহ পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**কেন্দ্রীয় কর্মসূচী :**

১। নয়াপল্টনস্থ বিএনপি'র কেন্দ্রীয় কার্যালয়ে ১৯ আগস্ট ২০২৫, মঙ্গলবার সকাল ৭.০০ টায় দলীয় ও জাতীয় পতাকা উত্তোলন।

২। আগামীকাল ১৯ আগস্ট ২০২৫, মঙ্গলবার সকাল ১১.০০ টায় সাবেক রাষ্ট্রপতি **শহীদ জিয়াউর রহমান বীর উত্তম** এর মাজারে পুস্পস্তবক অর্পণ, ফাতেহা পাঠ ও দোয়া। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব **অ্যাডভোকেট রুহুল কবির রিজভী**।

৩। আগামীকাল ১৯ আগস্ট ২০২৫, মঙ্গলবার, দুপুর ৩.০০ টায় আলোচনা সভা
প্রধান অতিথি- **বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান**
স্থান- বাংলাদেশ চীন মৈত্রী আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র,আগারগাঁও, ঢাকা

**দেশব্যাপী কর্মসূচী :**

১। আগামীকাল ১৯ আগস্ট ২০২৫, মঙ্গলবার দেশব্যাপী জেলা ও মহানগর শাখায় র‍্যালী, পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান, ডাস্টবিন স্থাপন ও ফলজ-বনজ বৃক্ষ রোপন।

২। ২০ আগস্ট ২০২৫ বুধবার দেশব্যাপী থানা, উপজেলা ও পৌর শাখায় র‍্যালী, পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান, ডাস্টবিন স্থাপন ও ফলজ-বনজ বৃক্ষ রোপণ। উল্লেখ্য থানা, উপজেলা ও পৌর শাখায় কেন্দ্রীয় ও জেলা প্রতিনিধি উপস্থিত থাকবেন।

জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সকল পর্যায়ের নেতাকর্মীকে উল্লিখিত কর্মসূচী সমূহ যথাযথভাবে পালনের জন্য নির্দেশনা প্রদান করেছেন সংগঠনের সভাপতি **এস এম জিলানী** এবং সাধারণ সম্পাদক **রাজিব আহসান**।

বার্তা প্রেরক

(কাজী আব্দুল্লাহ আল-মামুন)
দফতর সম্পাদক (যুগ্ম-সম্পাদক পদমর্যাদা)
বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল
কেন্দ্রীয় কমিটি